

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) অভূত রসের স্থায়ীভাবের নাম কী ?

(খ) “যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা
চলো রে।” এটি কোন্ রসের উৎকৃষ্ট উদাহরণ ?

(গ) “প্রেমিকের মনে যে প্রেমের উদ্বোধ, তাই হচ্ছে শৃঙ্গার
রস।” মন্তব্যটি শুদ্ধ, না অশুদ্ধ ?

(ঘ) মোপাসাঁ কোন্ দেশের গল্প লেখক ছিলেন ?

- (ঙ) মধুসূদন 'রামায়ণ'-এর কোন কাণ্ড অবলম্বনে তাঁর 'মেঘনাদবধ কাব্য' রচনা করেছিলেন ?
- (চ) আনুমানিক কত খ্রি.পূর্বাঙ্গে হোমারের 'ইলিয়াড' রচিত হয়েছিল ?
- (ছ) 'Epic' শব্দটি কোন গ্রীক শব্দ থেকে এসেছে ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 8 = 16$

- (ক) ধ্বনির উদাহরণ হিসেবে উক্ত 'এবংবাদিনী দেবযোঁ পার্শ্ব.....' উদ্ধৃতিটি কোন কবির কোন প্রছ থেকে নেওয়া হয়েছে ?
- (খ) দস্তী ও বাণভট্টের রচিত দুখানা গ্রন্থের নাম লেখো।
- (গ) কথা সাহিত্যকে কোন দুটি ভাগে বিভাজিত করা হয়েছে ?
- (ঘ) *Paradise Lost*-এর রচয়িতা কে ? এই মহাকাব্যখানি কোন শতাব্দীতে রচিত হয়েছিল ?

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : $5 \times 3 = 15$

- (ক) অনুভাব বলতে কী বোঝ, উদাহরণসহ আলোচনা করো।
- (খ) উদাহরণসহ লক্ষণার্থের সংজ্ঞা নির্দেশ করো।
- (গ) ছোটো গল্পের সংজ্ঞা সম্পর্কে এড্গার অ্যালান পো-র মত উপস্থাপিত করো।
- (ঘ) যুরোপ-আমেরিকার পাঁচজন গল্পকারের নাম লেখো।
- (ঙ) উদাহরণসহ গুণীভূতব্যঙ্গ্য কী লেখো।

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 3 = 30$

- (ক) স্থায়ীভাব কীভাবে রসে পরিণত হয় উদাহরণসহ আলোচনা করো।
- (খ) 'কাব্যের আত্মা হচ্ছে ধ্বনি।' ধ্বনির স্বরূপ উদাহরণসহ উপস্থাপিত করো।
- (গ) "করণ প্রভৃতি রসে যে মনে অপূর্ব সুখ জন্মে, তার একমাত্র প্রমাণ হৃদয়বান লোকের নিজের চিত্তের অনুভূতি।" মন্তব্যটি বিশদ করো।
- (ঘ) প্রবন্ধের সংজ্ঞা নির্দেশ করে ব্যক্তিগত প্রবন্ধের স্বরূপ উদ্ঘাটন করো।
- (ঙ) ব্যালাড বলতে কী বোঝ ? ব্যালাডের সংজ্ঞা নির্দেশ করে এই বিশেষ ধরনের সাহিত্য সম্পর্কে আলোচনা করো।
- (চ) সংস্কৃত অলংকারশাস্ত্রে মহাকাব্যের সংজ্ঞা সম্পর্কে কী বলা হয়েছে, আলোচনা করে ভারতীয় আর্থ ও সারস্বত মহাকাব্যগুলির পরিচয় দাও।
